ভোরের কাগজ

তারিখ ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪...

MAR. 1 1 2002

টুকটাক



যদি নতুন ইন্টারনেট ইউজার হয়ে থাকেন.....

১. আপনি যদি একেবারে নতুন ইন্টারনেট ব্রাউজার হয়ে থাকেন, তবে পছন্দের বিষয় সম্পর্কিত web-site খোঁজার জন্য সাহায্য নিন www.com, www.yahoo.com বা www.altavista.com. এর সবচেয়ে ভালো হয় যদি www.9009/-com এগিয়ে পছন্দের topicটি টাইপ করে search করতে দেন। সারা দুনিয়া ছোট হয়ে আসবে মুহূর্তে।

২. হঠাৎ করে যদি মনে পরে যে ২-১ দিন আগে কোনো website-এর গিয়েছেন কিন্তু কোনো প্রয়োজনীয় ছবি বা আর্টিকেল গেভ করে রাখেননি। আপনার ব্রাউজিং সফটওয়্যারটি ওপেন করুন (ইন্টারনেট ঢুকতে হবে না) এবং File-এ গিয়ে Work offline-এর ক্লিক করুন। এরপরে History তে ক্লিক করে সেই website. খুঁজে নিন। যতোদিন History ক্লিয়ার করবেন না, ততোদিন এই সুবিধাটি গ্রহণ করতে পারবেন।

৩. Crazy ব্রাউজাররা সবসময়ই একসঙ্গে কয়েকটি উইন্ডো খুলে রাখেন এবং প্রায়ই মিনিমাইজ করা উইন্ডোগুলো চেক করে থাকেন। Alt ও tab- কী এর সাহায্যে কাজটি খুব সহজেই করা যায়। Alt-কী চেপে ধরে tab কী চাপতে থাকলেই প্রতিটি উইন্ডের কন্টেন্ট দেখতে পাবেন ক্রমানুসারে। যে উইন্ডোটি দেখতে চান সেটি এলেই কীগুলো ছেড়ে দিন।

৪. অনেক সময় কিছু ওয়েবপেজের . সংগ্রহের জন্য Save করলেও পরবর্তী সময়ে open গয় না। এক্ষেত্রে ওয়েবপেজের আর্টিকেলটি মাউজের রাইট বাটনের সাহায্যে Drag করে select করুন এবং copy করুন। এরপরে তা text-docoment file হিসেবে save করুন।

৫. কোনো ওয়েবপেজে ঢোকার জন্য আমরা টাইপ করি http:\\www. (ওয়েবপেজের নাম)com. http:\\.www বা com না লিখে কেবল ওয়েবপেজের নামটি লিখুন। তবে, অনেক ঠিকানা ডট কম না হয়ে ডট নেট হলে, টাইপ করতে হবে।

৬. অনেকক্ষণ ইন্টারনেট ডাটা পাস না হলে উইন্ডোজ নিজেই ডিসকানেক্ট করে দেয়। Contro Pane থেকে Internet Options থেকে Setteing সিরেক্ট করুন এবং Anvawed এর ভিতর time out setthg-এ গিয়ে প্রয়োজন মতো সময় বাড়িয়ে নিন।

৭. নেটস্কেপ ব্যবহার করে কোনো বিষয়ের ওপর একটি ওয়েবপেজ ব্রাউজ করার সময় যদি মনে হয়, একই বিষয়ের ওপর আরো কয়েকটি ওয়েবপেজ ঘুরে দেখবেন, তাহলে নেটস্কেপের লোকেশন টুলবারের ডানদিকে what's Related বাটনটি ব্যবহার করুন।

৮. ইন্টারনেট এক্সপ্লোর-এ অনেক অ্যাডগঞ্জ ফিচার থাকে বলে, অনেক ক্ষেত্রে তা ব্রাউজার স্লো করে দেয়। এফক এ Tools এ গিয়ে Intertet Options থেকে Andvanced এ ক্লিক করুন। এরপর Moltiomedia ফিচার এসে Animation, Sound, viced, Pictore ইত্যাদি চেক বক্স করে অফ করে দিতে পারেন। এ ছাড়া Internet Option এর ভিতর secority থেকে লেভেল কমিয়ে দিতে পারেন।

৯. অনেকের e-mail address yahoo কিংবা hotmail এর মতো ফ্রি e-mail ওয়েবসাইটে থাকে। এ ক্ষেত্রে বড়ো চিঠি লিখতে প্রচুর সময় ইন্টারনেট থাকতে হয়। Text-docoment এ চিঠিটি আরোই লিখে রাখুন এবং এসব e-mail addeess থেকে mail পাঠানোর সময়, ওখানে তা Paste করে দিন।

১০. কোনো কিছু ডাউনলোড করার জন্য . বা Get Right এর মতো ডাউনলোড ইউটিলিটি ব্যবহার করুন। এর ফলে ডাউনলোড করার মাঝখানে ডিসকানেক্ট করতে হলে, পরে আগের অবস্থা থেকে ডাউন লোড করতে পারবেন।